

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৮২

আগরতলা, ২ ডিসেম্বর, ২০২৩

রাজভবনে আসাম দিবস উদযাপন



আজ রাজভবনে এক অনুষ্ঠানে আসাম দিবস উদযাপন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিভি নাল্লু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ড. রবিন্দ্র ভারালি, ড. দীপক উপাধ্যায়, ড. রতন দাস, ড. সিঙ্গু পদ্ময়াল ও ড. মিঠু অঞ্জলি গ্যানকে সংবর্ধনা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে আসামের রাজ্যপালের একটি ভিডিও বার্তা ও আসাম দিবস উপলক্ষ্মে একটি ভিডিও প্রদর্শিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিভি নাল্লু আসাম দিবস উপলক্ষ্মে আসামের জনসাধারণকে অভিনন্দন জানান। তিনি বলেন, বিভিন্ন রাজ্যের প্রতিষ্ঠা দিবস পালনের মধ্য দিয়ে জাতীয় সংহতি সুদৃঢ় হয়। এক রাজ্যের মানুষ অন্য রাজ্যের কৃষ্ণ ও সংস্কৃতির বিষয়ে পরিচিত হতে পারেন। কেন্দ্রীয় সরকার উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নে কাজ করছে।

ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি ড. সিঙ্গু পদ্ময়াল বলেন, আসাম রাজ্য গঠনে আসামের রাজা, মহারাজারা গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। তাদের ভূমিকা স্মরণীয় করে রাখতেই আসাম দিবস পালন করা হয়। অনুষ্ঠানে রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমাও বক্তব্য রাখেন। রাজভবনের আধিকারিক এবং কর্মীগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
